



দুয়ারে সরকার এবার বুথে বুথে



আজকের সারাদিন



দক্ষিণ ২৪ পরগনার সাগর ব্লকে ঘোড়ামারা গ্রাম পঞ্চায়েতের দুয়ারে সরকার শিবির পরিদর্শনে শ্রী রাজেশ কুমার পাণ্ডে মহাশয়, প্রধান সচিব, ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র বিভাগ।



উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রাম এলাকায় দুয়ারে সরকার শিবির পরিদর্শনে পর্যবেক্ষক শ্রীমতী সংঘমিত্রা ঘোষ মহাশয়া, প্রধান সচিব, মহিলা ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগ।



নদিয়ার কৃষ্ণনগর ২ ব্লকে দুয়ারে সরকার শিবিরে মাননীয় মুখ্যমন্ত্রীর শুভেচ্ছাবার্তা তুলে দিলেন জেলাশাসক মহাশয় সঙ্গে উপস্থিত পর্যবেক্ষক শ্রী অনুপ কুমার আগরওয়াল মহাশয়, প্রধান সচিব, কারিগরী শিক্ষা বিভাগ।



দক্ষিণ ২৪ পরগনার বাসভী ব্লকে এক প্রতিবন্ধী ছোট্ট বাচ্চাকে দুয়ারে সরকার শিবিরে জেলা প্রশাসনের পক্ষ থেকে হুইল চেয়ার তুলে দিলেন জেলা শাসক মহাশয়।



গঙ্গা নদীবক্ষেও চলছে ষষ্ঠ দুয়ারে সরকারের প্রচার, মালদা জেলার মানিকচক ব্লকে।



বাঁকুড়ার সোনামুখীতে দুয়ারে সরকারের প্রচারে আজ বিদ্যার্থীরাও অংশ নিয়েছে।

যাঁর যখন যেখানে দরকার, আসছে আপনার দুয়ারে সরকার

সহায়তার জন্য ১৮০০ ৩৪৫ ০১১৭, ০৩৩ ২২১৪ ০১৫২-এ সরাসরি ফোন করুন



দুয়ারে সরকার এবার বুথে বুথে



আজকের সারাদিন



পূর্ব বর্ধমান জেলার কাটোয়া মহকুমায় এক দুয়ারে সরকার শিবিরে খাদ্যসার্থী প্রকল্পে আবেদনকারীদের শৃঙ্খলাবদ্ধ লাইন।



পূর্ব বর্ধমান জেলার এক দুয়ারে সরকার শিবিরে গর্ভবতী মায়ের আর শিশুর পুষ্টির সুরক্ষার অঙ্গীকার নিয়ে অন্ননওয়ারী দিদিরা।



উদ্যোগে অংশীদার যখন আগামী প্রজন্মও। পশ্চিম মেদিনীপুর জেলার খড়্গপুুরে তালবাগিচা উচ্চবিদ্যালয়ের দুয়ারে সরকার ক্যাম্পে এক কন্যাশ্রী সাহায্য করছে জনৈক মহিলাকে আবেদনপত্র পূরণে।



বাল্যবিবাহ আর নয়। পূর্ব বর্ধমান জেলায় নিরোল গ্রাম পঞ্চায়েতের কেতুগ্রাম-২ নং সমষ্টির এক দুয়ারে সরকার শিবিরে ডাক্তার দিদি কন্যাশ্রীর মেয়েদের পরামর্শ দিচ্ছেন যাতে তারাও নারী স্বাস্থ্য বিষয়ক সতর্কবার্তা সবার মধ্যে পৌঁছে দেয়।



ষষ্ঠ দুয়ারে সরকারের প্রচারে প্রত্যন্ত এলাকাতেও পৌঁছে গেছে তথ্য ও সংস্কৃতি বিভাগের LED ট্যাবলো। উত্তর দিনাজপুর জেলার করণদিঘী উন্নয়ন সমষ্টি এলাকার পথে পথে রৌদ্রতপ্ত দিনেও উৎসুক দর্শক জনতার মাঝে চলছে আজকের প্রচারকার্য।



উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট মহকুমার সন্দেশখালি ১ নং ব্লকের দুয়ারে সরকার শিবিরের এক বৃদ্ধার সমস্যা সমাধানে ব্যস্ত সরকারি কর্মী।

যাঁর যখন যেখানে দরকার, আসছে আপনার দুয়ারে সরকার

সহায়তার জন্য ১৮০০ ৩৪৫ ০১১৭, ০৩৩ ২২১৪ ০১৫২-এ সরাসরি ফোন করুন



দুয়ারে সরকার এবার বুথে বুথে



আজকের সারাদিন



আজ বিশ্ব স্বাস্থ্য দিবসে জনগণের সুস্বাস্থ্যের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের দৃঢ় অঙ্গীকার, ছুটির দিনেও হাজির ষষ্ঠ দফার দুয়ারে সরকার। ঝাড়গ্রাম জেলার একটি দুয়ারে সরকার শিবিরে এক মহিলা স্বাস্থ্যকর্মীর দ্বারা সুব্যবস্থার মাধ্যমে এক বয়স্ক মহিলার স্বাস্থ্য পরীক্ষা।



মুর্শিদাবাদ জেলার রঘুনাথপুর মিউনিসিপ্যালিটির দুয়ারে সরকারের এক শিবিরে লক্ষ্মীর ভান্ডার প্রকল্পে নথিভুক্তিকরণের জন্য গৃহলক্ষ্মীদের শৃঙ্খলাবদ্ধ লাইন।



বৃদ্ধ বয়সে অর্থ-সমস্যার চিন্তা থেকে প্রবীণদের রক্ষা করতে পশ্চিমবঙ্গ সরকারের একটি প্রয়াস হল 'বার্ধক্য ভাতা'। দক্ষিণ ২৪ পরগনা জেলার এক দুয়ারে সরকার শিবিরে বার্ধক্য ভাতার পরিষেবা পেয়ে উপকৃত এক বয়স্ক দম্পতি।



ঢাকের তালে ষষ্ঠ দুয়ারে সরকার শিবিরে উৎসবের আমেজ আনার প্রচেষ্টা তথ্য ও সংস্কৃতি দপ্তরের লোক প্রসার প্রকল্পের নথিভুক্ত শিল্পীদের। আজ নদীয়া জেলার সুসজ্জিত একটি বুথ শিবিরে।



ছুটির দিনেও পশ্চিমবঙ্গ সরকারের ৩৩ টি প্রকল্প নিয়ে বুথে বুথে হাজির ষষ্ঠ দুয়ারে সরকার শিবিরে পরিষেবা গ্রহণের জন্য উপচে পড়া ভিড়। পূর্ব মেদিনীপুরের এগরা মহকুমার একটি শিবিরে আজকের কর্মব্যস্ততার চিত্র।



ছুটির দিনেও চলছে ষষ্ঠ পর্যায়ের দুয়ারে সরকার শিবিরে পরিষেবা প্রদানের কাজ। কেতুগ্রাম- ১ নং সমষ্টি, পূর্ব বর্ধমান।

যাঁর যখন যেখানে দরকার, আসছে আপনার দুয়ারে সরকার

সহায়তার জন্য ১৮০০ ৩৪৫ ০১১৭, ০৩৩ ২২১৪ ০১৫২-এ সরাসরি ফোন করুন



দুয়ারে সরকার এবার বুথে বুথে



আজকের সারাদিন



আজ ষষ্ঠ দুয়ারে সরকার শিবিরে ভূমিহীন পরিবারগুলির হাতে এল জমির পাট্টা। এগরা ব্লক, পূর্ব মেদিনীপুর।



আজ বিবিধ সরকারী প্রকল্প পরিষেবার মাধ্যমে আসছে দ্রুত উন্নয়ন, বদলে যাচ্ছে জীবনের গতিপথ। দুয়ারে সরকার শিবিরে রয়েছে আস্থা, তাই আজ সুরক্ষিত মা ও শিশুর ভবিষ্যৎ। ষষ্ঠ পর্যায়ের দুয়ারে সরকার শিবির এবার বুথে বুথোজেলা - পূর্বমেদিনীপুর



তৃপ্তির হাসি! ছুটির দিনেও পূর্ব বর্ধমান জেলায় ষষ্ঠ দুয়ারে সরকারের শিবিরে এসে "লক্ষীর ভান্ডার" প্রকল্পের পরিষেবা পেয়ে যার পর নাই খুশি গ্রাম বাংলার মহিলারা।



পূর্ব বর্ধমান জেলার এক দুয়ারে সরকার শিবিরে সারাদিনের চাষাবাদ শেষে 'কৃষক বন্ধু প্রকল্প' এর পরিষেবা পেতে যখন উপস্থিত পল্লীবাসী দুই কৃষক বন্ধু।



জলপাইগুড়ি জেলার নাগরাকাটায় এক প্রত্যন্ত অঞ্চলে ভ্রাম্যমাণ দুয়ারে সরকার ক্যাম্পের মাধ্যমে আবেদনকারীদের জাতিগত শংসাপত্র হাতে তুলে দেওয়া হলো।



গ্রামের রাস্তায় রাস্তায় সরকারি পরিষেবা নিয়ে পৌঁছেছে প্রশাসন, দ্রুত উন্নয়নে দুয়ারে সরকার ভ্রাম্যমাণ এখন। আজ ভ্রাম্যমাণ দুয়ারে সরকারের পরিষেবা প্রদানে পটশপুর -২ ব্লক, পূর্ব মেদিনীপুর।

যাঁর যখন যেখানে দরকার, আসছে আপনার দুয়ারে সরকার

সহায়তার জন্য ১৮০০ ৩৪৫ ০১১৭, ০৩৩ ২২১৪ ০১৫২-এ সরাসরি ফোন করুন